গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মতবিনিময় সভা

‘নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ’ প্রতিপাদ্য নিয়ে উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটি ও গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময় সভার মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে মৎস্য সপ্তাহ-২০২৩ এর উদ্বোধন করা হয়েছে।
আজ সোমবার (২৪ জুলাই) সকাল সাড়ে ১০ টার সময় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে গাংনী প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমানের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, জাতীয় সংদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী, পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম, গাংনী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, যুব উন্নয়ন অফিসার আসাদুজ্জামান প্রমুখ।
মতবিনিময় সভার শুরুতে মৎস্য সপ্তাহের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে শুভেচ্ছা বক্তব্য রাখেন, উপজেলা মৎস্য অফিসার খোন্দকার শহিদুর রহমান।

মৎস্য সম্পদের সুরক্ষা ও সমৃদ্ধি অর্জনে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহিত কার্যক্রম বিষয়ে মতবিনিময় করা হয়। এসময় মৎস্য সপ্তাহের কর্মসূচি ঘোষনা করেন।
কর্মসূচির মধ্যে রয়েছে, মৎস্যচাষে উদ্বুদ্ধ করতে ব্যাপক প্রচার প্রচারণা, মাছের পোনা অবমুক্তকরণ, মাছ উৎপাদনে করণীয় বিষয় নিয়ে বক্তব্য উপস্থাপন করা হয়।
এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম , সাংবাদিক মাজেদুল হক মানিক প্রমুখ।

উপজেলা মৎস্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীসহ সভায় গাংনী উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটির সদস্যবৃন্দ এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

কুমারখালীতে আইসক্রীম ফ্যাক্টরিতে জরিমানা

কুষ্টিয়ার কুমারখালীতে ২টি আইসক্রীম ফ্যাক্টরিতে অভিযান চালিয়ে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। সোমবার দুপুরে যৌথ ভাবে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডল ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীদুল ইসলাম।

ভ্রাম্যমান আদালত সুত্রে জানা গেছে, পৌর এলাকার আগরাকুন্ডা গ্রামে মধুরুচি আইসক্রীম ও আশা আইসক্রীম নামের দুটি ফ্যাক্টরিতে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত। এসময় তাদের বৈধ লাইসেন্স না থাকা, ব্যবহৃত মালামালের মেয়াদ না থাকা নোংরা পরিবেশ ও সাধারন জগনের সাথে প্রতারনা করার অপরাধে দুটি ফ্যাক্টরির মালিকদের মোট ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিষয়ে র্নিবাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডল বলেন, বৈধ লাইসেন্স না থাকা, ব্যবহৃত মালামালের মেয়াদ না থাকা নোংরা পরিবেশ ও সাধারন জগনের সাথে প্রতারনা করার অপরাধে দুটি ফ্যাক্টরির মালিকদের মোট ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।এরা বিভিন্ন কোম্পানির লোগো ব্যাবহার করেন যার কোন অনুমতি নাই, মেয়াদ ফেল মালামাল ব্যাবহার, নোংরা পরিবেশ এর কারনে জারা এ আইসক্রিম খাবে তারা অসুস্থ হয়ে পড়বে তাই তাদের এ জরিমানা করা হয়েছে। তিনি আরও বলেন জনস্বার্থে এই ভ্রাম্যমাণ আদালত আগামীতে অব্যাহত থাকবে।

রতন সরকারের সঙ্গীত চর্চার ৫০ বছর

ওস্তাদ রতন সরকারের সঙ্গীত চর্চা ৫০ বছর। এই গুণী সঙ্গীত সাধকের হাত ধরে মেহেরপুর জেলার অনেক শিল্পী তৈরী হয়েছেন। তারা এখন

বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতারসহ বিভিন্ন মঞ্চে সংগীত পরিবেশন করে খ্যাতনামা হয়েছেন। ওস্তাদ রতন সরকার অঁজ পাড়া গায়ে থেকেও সঙ্গীতের আলো ছড়িয়ে যাচ্ছেন যুগের পর যুগ ধরে। সাদা মনের এই মানুষটি কখনো কারোর কাছে কোনো কিছুই চাননা। শুধু তার হাতে গড়া শিক্ষার্থীদের কাছ থেকে ভালবাসা চান।

কুষ্টিয়ায় বড় ভাইকে হত্যার দায়ে যাবজ্জীবন কারাদণ্ড

কুষ্টিয়াঃ কুষ্টিয়া সদর উপজেলায় বড় ভাইকে হত্যার দায়ে মামুন সরকার (৫০) নামে ব্যক্তিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সাথে ২৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।
বৃহস্পতিবার (১২ মে) দুপুরে কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. তাজুল ইসলাম এ রায় দেন। আদালতের সরকারি কৌঁসুলি (পিপি) অনুপ কুমার নন্দী বিষয়টি নিশ্চিত করেছেন। যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত মামুন সরদার কুষ্টিয়া সদর উপজেলার ইসলামী বিশ্ববিদ্যালয় থানার আব্দালপুর ইউনিয়নের পিয়ারপুর গ্রামের বদর উদ্দিনের ছেলে।
রায় ঘোষণার সময় কারাদণ্ডপ্রাপ্ত আসামি মামুন আদালতে উপস্থিত ছিলেন। রায় ঘোষণার পরপরই পুলিশ পাহারায় তাকে জেলা কারাগারে পাঠানো হয়।
মামলার বিবরণে জানা যায়, ২০১৬ সালের ১ জুন সকাল ১০টার দিকে কুষ্টিয়া সদর উপজেলার আব্দালপুর ইউনিয়নের পিয়ারপুর গ্রামে আসাদুল সরদারের স্ত্রী সাথীর সঙ্গে আসামি মামুন সরদারের স্ত্রী সাফিয়া খাতুনের পারিবারিক কলহের জেরে ঝগড়া হয়। এ সময় আসাদুল মাঠে ছিলেন। মাঠ থেকে বাড়ি ফিরে ঝগড়ার কথা শোনেন। দুপুর আড়াইটার দিকে স্ত্রীকে সাথে নিয়ে আসাদুল তার ছোট ভাই মামুন সরদারের বাড়িতে যান। এ সময় মামুন সরদার হাঁসুয়া দিয়ে বড় ভাই আসাদুলকে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর আহত করে। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করেন। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় তার।
এ ঘটনায় নিহত আসাদুলের স্ত্রী সাথী খাতুন বাদী হয়ে ইসলামী বিশ্ববিদ্যালয় থানায় একটি মামলা করেন। আসামি মামুনের বিরুদ্ধে দায়ের করা মামলাটি তদন্ত শেষে ২০১৬ সালের ৩০ নভেম্বর আদালতে

অভিযোগপত্র দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা এসএম কাফরুজ্জামান ও শরীফ মনজুর।
১৫ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ শেষে ১২ মে রায় ঘোষণার দিন ধার্য করেন আদালত। অপরাধ প্রমাণিত হওয়ায় আসামিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দেন আদালত।
আদালতের সরকারি কৌঁসুলি (পিপি) অনুপ কুমার নন্দী বলেন, হত্যা মামলায় দোষী প্রমাণিত হওয়ায় আসামি মামুনকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। তাকে রায় ঘোষণার পরপরই পুলিশ পাহারায় জেলা কারাগারে পাঠানো হয়।

গাংনীতে স্বাস্থ্যবিধি, স্যানিটেশন ও নিরাপদ পানির ব্যবহার বিষয়ক কর্মশালা

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের জোড়পুকুরিয়া মধ্য পাড়া এলাকায় দিনব্যাপি স্বাস্থ্যবিধি, স্যানিটেশন ও নিরাপদ পানির ব্যবহার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর সহযোগীতায়, স্থানীয় স্বেচ্ছাসেবক গ্রাম উন্নয়ন দল ও ইয়ুথ ইউনিটের যৌথভাবে এ আয়োজনে করে।

সাহারবাটি ইউনিয়নের ১ নং ওয়ার্ড জোড়পুকুরিয়া গ্রামের ২৫০টি খানায় সহায়ক মোঃ রজিবুল ইসলাম উপস্থিত অংশগ্রহণকারীদের সাথে স্যানিটেশন, হাইজিন ও নিরাপদ পানি ব্যবহার সংক্রান্ত আলোচনা রাথেন।

কর্মশালায় ৩০ জন নারী পুরুষ তাদের স্বাস্থ্যবিধি, স্যানিটেশন,ও নিরাপদ পানি ব্যবহারের সুফল,ব্যবহার না করার কুফল সম্পর্কিত এবং অনুন্নত পরিবেশ পরিস্থিতি হতে পরিত্রাণ পেতে বিস্তারিত আলোচনা করা হয়।

এসময় দি হাঙ্গার প্রজেক্টের সাহারবাটি ইউনিয়ন সমন্বয়কারী আজিবর রহমান উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় ব্রিটিশ টোবাকো’র লরি চাপায় কৃষকের মৃত্যু

আলমডাঙ্গায় ব্রিটিশ টোবাকো’র লরি চাপায় আইয়ুব হোসেন (৫০) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যার আগে আলমডাঙ্গা-কুষ্টিয়া সড়কের নওদাপাড়া নামক স্থানে ওই সড়ক দুর্ঘটনা ঘটে। এতে সাইকেলারোহী আইয়ুব হোসেন গুরুতর আহত হন। পুলিশ লরিটি উদ্ধার করে থানায় নিয়েছে।

নিহত আইয়ুব হোসেন কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমবাড়িয়া গ্রামের মৃত গারেস আলীর ছেলে। আইয়ুব হোসেন বাইসাইকেল চালিয়ে আলমডাঙ্গা থেকে বাড়ি ফিরছিলেন।

স্থানীয়রা জানায়, মঙ্গলবার সন্ধ্যার আগে আইয়ুব হোসেন বাইসাইকেল চালিয়ে আলমডাঙ্গা থেকে আমবাড়িয়ায় তার বাড়ি ফিরছিলেন। তিনি আলমডাঙ্গা-কুষ্টিয়া সড়কের নওদাপাড়া গ্রামের কাছাকাছি হলে কুষ্টিয়া থেকে আসা ব্রিটিশ টোবাকো’র তামাকবাহি একটি লরি তাকে চাপা দেয়।

এ সময় তিনি সাইকেল থেকে ছিটকে গাড়ির নিচে পড়ে যান। এতে তিনি গুরুতর আহত হন। অবস্থা বেগতিক দেখে গাড়ির চালক গাড়ি রেখে দ্রুত পালিয়ে যায়। স্থানীয়রা আইয়ুব হোসেনকে উদ্ধার করে হারদী হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

থানার এসআই সফিকুল ইসলাম জানান, ঘাতক লরিটি থানায় নেওয়া হয়েছে। চালক পালিয়ে গেছে। দুর্ঘটনায় নিহত আইয়ুব হোসেনের লাশ হাসপাতাল থেকে থানায় নেওয়া হয়েছে। তিনি বলেন, নিহতের পরিবারের মতামত অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে মোয়াজ্জেম কে কুপিয়ে হত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের সাহেবনগর গ্রামে ছহির উদ্দীন (৭৫) নামের এক নৈশ প্রহরীকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। ৫ সন্তানের জনক নিহত ছহির উদ্দীন সাহেবনগর গ্রামের মৃত নায়েব উদ্দীন মন্ডলের ছেলে। এবং সাহেবনগর হাফেজিয়া মাদ্রাসা ও এ এতিমখানার নৈশ প্রহরী।

আজ বুধবার (২ সেপ্টেস্বার) সকাল ১০টার দিকে সাহেবনগর এতিমখানা – গোরস্থান সংলগ্ন স্থান থেকে ছহির উদ্দীনের রক্তাক্ত লাশ উদ্ধার করে গাংনী থানা পুলিশ সদস্যরা।

নিহত ছহির উদ্দীনের স্ত্রী হানুফা খাতুন জানান.আমার স্বামী ছহির উদ্দীন মাদ্রাসায় পাহারা দিয়ে থাকেন। বুধবার সকালে মাদ্রাসার শিক্ষক-ছাত্ররা মাদ্রাসায় ছিলেন না। এ সুযোগে সন্ত্রাসীরা তাকে একা পেয়ে এতিমখানার পাশে গোরস্থানের নিকটে কুপিয়ে হত্যা করে ফেলে যায়। তার সাথে কারোর কোন বিরোধ ছিলোনা।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান,ছহির উদ্দীনের লাশ উদ্ধার করা হয়েছে। হত্যার ক্লু উদ্ধারে পুলিশ মাঠে নেমেছে।